

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬৭৯

১/ বিবিধ

আরবী

إذا كان يوم عرفة، إن الله ينزل إلى السماء الدنيا. فيباهي بهم الملائكة فيقول: انظروا إلى عبادي أتوني شعثا غبرا ضاحين من كل فج عميق، أشهدكم أنني قد غفرت لهم، فتقول الملائكة: يا رب فلان كان يرهق، وفلان وفلانة، قال: يقول الله عز وجل: قد غفرت لهم. قال رسول الله صلى الله عليه وسلم: فما من يوم أكثر عتيق من النار من يوم عرفة
ضعيف

رواه ابن منده في " التوحيد " (1 / 147) وأبو الفرج الثقفى في " الفوائد " (2 / 78) و(1 / 92) والبغوي في " شرح السنة " (1 / 221 / 1) مخطوط و159 / 7 - طبع المكتب الإسلامي) عن مرزوق مولى أبي طلحة: حدثني أبو الزبير عن جابر مرفوعا. وقال ابن منده: " هذا إسناد متصل حسن من رسم النسائي، ومرزوق روى عنه الثوري وغيره، ورواه أبو كامل الجحدري عن عاصم بن هلال عن أيوب عن أبي الزبير عن جابر، ومحمد بن مروان عن هشام عن أبي الزبير عن جابر وقال الثقفى: " إسناد صحيح متصل، ورجاله ثقات أثبات، مرزوق هذا هو أبو بكر مرزوق مولى طلحة بن عبد الرحمن الباهلي ثقة. روى عنه الثوري وأبو داود الطيالسي وغيرهم من الأئمة قلت: لكن قال ابن حبان في " الثقات " : " يخطيء ". وقال ابن خزيمة " أنا بريء من عهدته

وقد خولف في بعض سياقه، رواه محمد بن مروان العقيلي: حدثنا هشام الدستوائي عن أبي الزبير عن جابر به بلفظ: " ما من أيام عند الله أفضل من عشر ذي الحجة، قال: فقال رجل: يا رسول الله هن أفضل أم عدتهن جهادا في سبيل الله؟ قال: هن أفضل من عدتهن جهادا في سبيل الله، وما من يوم أفضل عند الله من يوم عرفة، ينزل الله تبارك إلى السماء الدنيا، فيباهي بأهل الأرض أهل السماء، فيقول: انظروا إلى عبادي، جاؤوا شعنا غبرا، ضاحين، جاؤوا من كل فج عميق يرجون رحمتي، ولم يروا عذابي، فلم ير يوم أكثر عتقا من النار من يوم عرفة ". أخرجه أبو يعلى في " مسنده " (ق 116 / 2) وابن حبان (1006) والبزار أيضا كما في " الترغيب " (2 / 126) و" مجمع الزوائد (3 / 253) وقال: " وفيه محمد بن مروان العقيلي وثقه ابن معين، وابن حبان، وفيه بعض كلام، وبقية رجاله رجال الصحيح ". وقال الحافظ في ترجمة العقيلي هذا: " صدوق له أوهام ". قلت: إنما علة الحديث أبو الزبير، فإنه مدلس، وقد عنعنه في جميع الطرق عنه. قال الحافظ: " صدوق، إلا أنه يدلس ". وقال الذهبي: " وأما ابن حزم فإنه يرد من حديثه ما يقول فيه: عن جابر، ونحوه، لأنه عندهم ممن يدلس ... وفي " صحيح مسلم " عدة أحاديث مما لم يوضح فيها أبو الزبير السماع من جابر ... ففي القلب منها شيء . والحديث رواه ابن خزيمة أيضا والبيهقي باللفظ الأول كما في " الترغيب نعم قد صح من الحديث مباحاة الله ملائكته بأهل عرفة، وقوله: " انظروا إلى عبادي جاؤوني شعنا غبرا " من حديث أبي هريرة وابن عمرو وعائشة، وهي في " الترغيب " (2 / 128 - 129) وقد خرجت حديث عائشة في " الصحيحة " (2551)

বাংলা

৬৭৯। আরাফার দিবসে আল্লাহ তা'আলা যমীনের নিকটবর্তী আসমানে নেমে আসেন। অতঃপর ফেরেশতাদের সম্মুখে তাদের নিয়ে অহংকার করে বলেনঃ দেখ আমার বান্দাদেরকে তারা ধূলায় ধুসরত বিক্ষিপ্ত বদনে প্রতিটি গিরিপথ দিয়ে নিজেদেরকে উৎসর্গ করে আমার নিকট আগমন করেছে। আমি সাক্ষ্য দিচ্ছি অবশ্যই আমি তাদেরকে ক্ষমা করে দিয়েছি। ফেরেশতারা বলবেঃ হে রব! অমুক ব্যক্তি অত্যাচার করত। অমুক পুরুষ আর

অমুক নারী। তিনি বলেনঃ আল্লাহ তা'আলা বলবেনঃ আমি তাদেরকে ক্ষমা করে দিয়েছি। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ আরাফার দিবস ব্যতীত অন্য কোন দিনে জাহান্নামের আগুন হতে এতো বেশী পরিমাণে মুক্তি দেয়া হয় না।

হাদীছটি দুর্বল।

এটি ইবনু মান্দাহ "আত-তাওহীদ" (১/১৪৭) গ্রন্থে, আবুল ফারায় আছ-ছাকাফী "আল-ফাওয়ায়েদ" (২/৭৮, ১/৯২) গ্রন্থে এবং বাগাবী "শারহুস সুন্নাহ" (১/২২১/১) গ্রন্থে আবু তালহার দাস মারযুক হতে তিনি আবু-যুবায়ের হতে তিনি জাবের (রাঃ) হতে মারফু' হিসাবে বর্ণনা করেছেন। ইবনু মান্দা বলেনঃ এ সনদটি হাসান। আছ-ছাকাফী বলেনঃ সনদটি সহীহ মুত্তাসিল। বর্ণনাকারীগণ নির্ভরযোগ্য। এই মারযুক নির্ভরযোগ্য।

আমি (আলবানী) বলছিঃ কিন্তু ইবনু হিব্বান তাকে "আছ-ছিকাত" গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ তিনি ভুল করতেন। ইবনু খুযায়মাহ বলেনঃ আমি তার যিম্মাহ হতে মুক্ত। তার কোন কোন ভাষার বিরোধিতা করে বর্ণনা করা হয়েছে। বিরোধিতা করে বর্ণনাকৃত হাদীছের সনদে মুহাম্মাদ ইবনু মারওয়ান আল-উকায়লী রয়েছেন। তার সম্পর্কে হাফিয় ইবনু হাজার বলেনঃ তিনি সত্যবাদী কিন্তু তার সন্দেহমূলক বর্ণনা রয়েছে।

বর্ণনাকারী আবু-যুবায়ের-এর মধ্যেও সমস্যা রয়েছে। তিনি মুদাল্লিস। তার থেকে সকল সূত্রে আন আন করে বর্ণনা করা হয়েছে। হাফিয় বলেনঃ তিনি সত্যবাদী কিন্তু তাদলীস করতেন। যাহাবী বলেনঃ ইবনু হায়ম তার সেই হাদীছকে গ্রহণ করেননি যাতে তিনি বলেছেনঃ আনু যাবেব।

'আরাফাবাসীদের নিয়ে ফেরেশতাদের সম্মুখে আল্লাহর অহংকার এবং 'দেখ আমার বান্দাদেরকে তারা ধূলায় ধূসরিত বিক্ষিপ্তভাবে আমার নিকট আগমন করেছে।' অংশ দুটি সহীহ সনদে আবু হুরাইরাহ, ইবনু আমর ও আয়েশা (রাঃ) হতে বর্ণনা করা হয়েছে। আমি "আস-সাহীহাহ" গ্রন্থের মধ্যে ২৫৫১ নম্বরে উল্লেখ করেছি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71558>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন